ভোরের কাগজ 2

তারিখ ... ... AUG 26 [illegible] ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

# আজ এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

কাগজ প্রতিবেদক : চলতি বছরের এইচএসসি (উচ্চ মাধ্যমিক) পরীক্ষার ফলাফল আজ বৃহস্পতিবার প্রকাশ করা হবে। আজ বিকাল ৪টায় পাঁচ বোর্ডের ফলাফল একই সঙ্গে ঘোষণা করা হবে।

গতকাল এক সরকারি খবরে জানানো হয়েছে, পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট কেন্দ্র থেকে নিজ নিজ ফলাফল জেনে নিতে পারবে। শিক্ষা বোর্ডসমূহে, শিক্ষা মন্ত্রণালয়ে এবং সংবাদপত্রগুলোতে পূর্ণাঙ্গ ফলাফল পাওয়া যাবে না।

প্রসঙ্গত, এর আগে গত ১৯ আগস্ট বৃহস্পতিবার এইচএসসি পরীক্ষার ফল প্রকাশের কথা ছিল। কিন্তু একটি বোর্ডের ফলাফল চূড়ান্ত না হওয়ায় এক সপ্তাহ পিছিয়ে আজ ফলাফল প্রকাশ করা হচ্ছে।